

১৩
১৩

খুলনা বিশ্ববিদ্যালয় সিডিকেট সদস্য নিয়োগে অনিয়ম জীববিজ্ঞান অনুষদের ডিনের পদত্যাগ

খুলনা ব্যুরো

খুলনা বিশ্ববিদ্যালয়ে সিডিকেট সদস্য নিয়োগে অনিয়মের প্রতিবাদে জীববিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী তার ডিন পদ থেকে পদত্যাগ করেছেন। জ্যেষ্ঠতা লংঘন করে ডিন সিডিকেট সদস্য মনোনয়ন দেওয়া এটি পদত্যাগের ঘটনা ঘটলেও পদত্যাগপত্রে ব্যক্তিগত কারণের কথা উল্লেখ করা হয়েছে।

সংশ্লিষ্ট একটি সূত্রে জানা যায়, গত সোমবার বিকেলে ব্যক্তিগত কারণ দেখিয়ে প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী তার পদত্যাগপত্র বিশ্ববিদ্যালয় উপাচার্য বরাবর জমা দেন। পদত্যাগপত্র জমা দেয়ার আগে তার জ্যেষ্ঠতা লংঘন করে জুনিয়র শিক্ষক ড. রেজাউল করিমকে সিডিকেট সদস্য নিয়োগ করানো তিনি এই পদত্যাগপত্র জমা দিয়েছেন বলে জানা গেছে। এলিয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিভিন্ন মহলে অশ্লোচনা-সমস্যাচনার ঝড় বইছে।

নাম প্রকাশে অনিচ্ছুক বিশ্ববিদ্যালয়ের একাধিক শিক্ষক বলেন, উপাচার্য প্রফেসর ড. মো. মাহবুবুর রহমান ড. সঞ্জয় কুমারকে বাদ দিয়ে বয়োজ্যেষ্ঠতা লংঘন করে একই ঘরানা এবং ডিনের কাছের লোক হিসেবে পরিচিত সমাজ বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. রেজাউল করিমকে বিশ্ববিদ্যালয় সিডিকেটের সদস্য হিসেবে মনোনয়ন দেওয়া তিনি পদত্যাগ করেন পদত্যাগের প্রকৃত কারণ জানাতে প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারীর সঙ্গে একাধিকবার টেলিফোন ও

মোবাইলে যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় উপাচার্য প্রফেসর ড. মো. মাহবুবুর রহমান বলেন, 'খুলনা বিশ্ববিদ্যালয়ের ১৯৯০-এর বিধি অনুসারে পর্যায়ক্রমে দু'জন ডিনকে সিডিকেট সদস্য করার বিধান রয়েছে। সে হিসেবে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠালগ্ন থেকেই অধিকাংশ সময়জুড়ে বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা এবং জীববিজ্ঞান অনুষদের ডিন সিডিকেট সদস্য হিসেবে বহাল থেকেছেন। এজন্য বিশ্ববিদ্যালয়ের পাঁচটি অনুষদের ডিনকেই পর্যায়ক্রমে সিডিকেট সদস্য করার সুযোগ দিতে সম্প্রতি সমাজবিজ্ঞান অনুষদের ডিনকে সিডিকেট সদস্য করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।